যশোর বোর্ড ২০১৫
হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২ ৫ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

প্রশ্ন-১ ▶

মি. আলী ট্রেডার্স
রেওয়ামিল
২০১৪ সালের ৩১শে ডিসেম্বর

বিবরণ	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	১৫,০০০	
মূলধন		৪০,০০০
উত্তোলন	৫,০০০	
ইজারা সম্পত্তি (১০ বছর)	৩০,০০০	
৫% ঋণ (১-৭-১৪)		২০,০০০
মজুদ পণ্য (১-১-২০১৪)	১০,০০০	
পণ্য ক্রয় (১৫% ভ্যাটসহ)	৩৪,৫০০	
পণ্য বিক্রয় (১৫% ভ্যাটসহ)		৫১,৭৫০
মজুরি	৪,০০০	
বেতন	৬,০০০	
প্রাপ্য হিসাব	১৪,০০০	
প্রদেয় হিসাব		৫,৭৫০
বিজ্ঞাপন	১,০০০	
অনাদায়ী দেনা সঞ্চিতি		২,৫০০
বিমা খরচ	৫০০	
	১,২০,০০০	১,২০,০০০

সমন্বয়সমূহ :

১. সমাপনী মজুদ পণ্য ১৪,০০০ টাকা যার মধ্যে আগুনে বিনষ্ট ৪,০০০ টাকা বিমা কোম্পানি ৩,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে।
২. বাকীতে পণ্য বিক্রয় ২,৩০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
৩. প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে।
৪. বিজ্ঞাপন খরচ $^1/_2$ পরবর্তী বৎসরে বিলম্বিত করতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব তৈরি করো। ২
খ. মোট লাভ নির্ণয় করো। ৪
গ. মোট লাভ ২৭,০০০ টাকা ধরে চলতি বৎসরের নিট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

প্রশ্ন-২ ▶

মাহিন ট্রেডার্সের
রেওয়ামিল
২০১৪ সালের ৩১শে ডিসেম্বর

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	৭০,০০০	
পণ্য ক্রয়	২,৫০,০০০	
পণ্য বিক্রয়		৪,০০,০০০
ক্রয় ফেরত		১,০০০
বিক্রয় ফেরত	৭০০	
বেতন	২০,০০০	
ভাড়া	৪,০০০	
বিজ্ঞাপন	১৪,০০০	
মনিহারি	৩,৩০০	
মূলধন		২,৫০,০০০
৬% ঋণ (১-৪-২০১৪)		১,০০,০০০
উত্তোলন	৫০,০০০	
প্রাপ্য হিসাব	৩২,০০০	
প্রদেয় হিসাব		২৩,০০০
অনাদায়ী পাওনা সঞ্চিতি		৬,০০০
হাতে নগদ	৮০,০০০	
মজুরি	৬,০০০	
আসবাবপত্র	২,৫০,০০০	
	৭,৮০,০০০	৭,৮০,০০০

সমন্বয়সমূহ :

১. সমাপনী মজুদ পণ্যের ২৫,০০০ টাকা যার মধ্যে ২,০০০ টাকা সমাপনী মনিহারী অন্তর্ভুক্ত আছে।
২. ২,০০০ টাকার ধারে ক্রয় হিসাবভুক্ত হয়নি।
৩. প্রাপ্য হিসাবের ৭,০০০ টাকা আদায়যোগ্য নয়।
৪. আসবাবপত্রের ওপর অবচয় ৫% ধার্য করো।

ক. ঋণের সুদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. নিট লাভ ৩৮,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

খ বিভাগ

প্রশ্ন-৩ ▶ জনাব মুশফিকের হিসাব বই থেকে নিম্নের ঘটনাগুলো নেওয়া হয়েছে :

২০১৪ইং
- জানুয়ারি ১ জনাব মুশফিক ২০,০০০ টাকা নগদ ও ৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসা আরম্ভ করেন।
- " ৩ ৫,০০০ টাকা মূল্যের মাল ধারে ক্রয় করেন।
- " ৯ ১৫,০০০ টাকা বেতনে একজন কর্মচারীকে নিয়োগ দিলেন।
- " ১৫ নগদে মাল বিক্রয় ১৭,০০০ টাকা।
- " ২০ ব্যক্তিগত হিসাব থেকে আয়কর প্রদান ৪,০০০ টাকা।
- " ২৫ মজুরি প্রদান করেন ১,৫০০ টাকা।

ক. লেনদেন নয় এমন ঘটনাগুলো চিহ্নিত করো। ২
খ. ১, ৩, ১৫ এবং ২৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা লিখ। ৪
গ. ক্রয় হিসাব এবং বিক্রয় হিসাব প্রস্তুত করো। ৪

প্রশ্ন-৪ ▶ ১লা ফেব্রুয়ারি ২০১৪ তারিখে জনাব রশিদের নগদ জমার উদ্বৃত্ত ১০,০০০ টাকা এবং ব্যাংক জমা ক্রেডিট উদ্বৃত্ত ৮,০০০ টাকা, তার অন্যান্য লেনদেনগুলো ছিলো নিম্নরূপ :

২০১৪ইং
- ফেব্রুয়ারি ২ নগদে ১৫,০০০ টাকার মাল বিক্রয় করা হলো।
- " ৫ রহিমের নিকট হতে মাল ক্রয় ১০,০০০ টাকা।
- " ৮ করিমের নিকট হতে চেক পাওয়া গেল ৭,০০০ টাকা এবং সাথে সাথে ব্যাংকে জমা দেওয়া হইল।
- " ১০ নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
- " ১২ ব্যাংকে জমা দেওয়া হল ১৪,০০০ টাকা।
- " ১৪ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩,০০০ টাকা।
- " ২৩ রহিমের পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৯,৫০০ টাকা প্রদান করা হলো।
- " ২৫ বেতন প্রদান ৩,০০০ টাকা এবং চেকে ভাড়া প্রদান ৪,০০০ টাকা।
- " ২৭ কামালের নিকট প্রাপ্য ৯,০০০ টাকার পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৮,৭০০ টাকা পাওয়া গেল।
- " ২৮ ব্যাংক থেকে উত্তোলন করা হলো ৪,০০০ টাকা।

ক. অনগদ লেনদেনের পরিমাণ গণনাসহ নির্ণয় করো। ২
খ. ১ থেকে ২৭ তারিখের তথ্যাগুলো দ্বারা একটি নগদান বই তৈরি করো। ৪
গ. ৮, ১০, ১২ এবং ১৪ তারিখের লেনদেনগুলো জাবেদা করো। ৪

প্রশ্ন-৫ ▶ ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সাগর ব্রাদার্স এর খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

হিসাবের নাম	টাকা
মূলধন	১,০০,০০০
কলকব্জা	৮০,০০০
প্রদেয় বিল	১৭,০০০
মজুরি	৫,০০০
শিক্ষানবীস সেলামী	১০,০০০
ক্রয়	৪৫,০০০
প্রদেয় হিসাব	১৫,০০০
বিক্রয় ট্রেডমার্ক	৫০,০০০

হিসাবের নাম	টাকা
বিক্রয়	৭৫,০০০
ডক চার্জ	৪,৫০০
ব্যাংক জমাতিরিক্ত	২৩,০০০
আমদানি শুল্ক	৫,০০০
প্রাপ্য হিসাব	২৫,০০০
হাতে নগদ	২৫,৫০০

ক. মুনাফা জাতীয় আয় নির্ণয় করো। ২
খ. রেওয়ামিল প্রস্তুত করো। ৪
গ. চলতি সম্পত্তি ও চলতি দায়ের মধ্যে পার্থক্য নির্ণয় করো। ৪

প্রশ্ন-৬ ▶ পলাশ ব্রাদার্সের হিসাব বই থেকে নিম্নলিখিত তথ্যসমূহ নেওয়া হয়েছে:

১. নগদান বই মোতাবেক ব্যাংকে জমার উদ্বৃত্ত ১০,০০০ টাকা।
২. ইস্যুকৃত চেক ৩,৫০০ টাকা এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি।
৩. আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ৬,০০০ টাকা, ব্যাংক কর্তৃক আদায় হয়নি।
৪. ব্যাংক মঞ্জুরিকৃত সুদ ৩০০ টাকা, নগদান বইতে লেখা হয়নি।
৫. ব্যাংক ধার্যকৃত চার্জ ২০০ টাকা, নগদান বইতে লেখা হয়নি।

ক. নগদান বইতে লেখা হয়নি এমন লেনদেনগুলো চিহ্নিত করো। ২
খ. লেনদেনগুলোর জাবেদা তৈরি কর (২-৫)। ৪
গ. ব্যাংক জমার সমন্বয় বিবরণী তৈরী করো। ৪

প্রশ্ন-৭ ▶ নিম্নের রেওয়ামিলটি অর্পা এন্টারপ্রাইজের হিসাব বই হতে নেয়া হয়েছে:

অর্পা এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১৪

হিসাবের নাম	রেফা:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন			৮০,০০০
উত্তোলন		১০,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য		২০,০০০	
ক্রয়		৯০,০০০	
বিক্রয়			১,৫০,০০০
মজুরি		১০,০০০	
বেতন		১৫,০০০	
যন্ত্রপাতি		৮৫,০০০	
		২,৩০,০০০	২,৩০,০০০

সমন্বয়সমূহ:

১. সমাপনি মজুদ পণ্য ক্রয় মূল্য ৩০,০০০ টাকা, বাজার মূল্য ৩৫,০০০ টাকা।
২. মজুরি বকেয়া রয়েছে ২,০০০ টাকা।
৩. বেতন অগ্রিম পরিশোধ করা হয়েছে ৩,০০০ টাকা।

ক. ২ থেকে ৩নং সমন্বয়গুলোর জাবেদা দাখিলা দেখাও। ২
খ. ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করো। ৪
গ. স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪

প্রশ্ন-৮ ▶ যমুনা লিমিটেড ২০১৩ সালের ১লা জানুয়ারি তারিখে ৬,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে, পরিবহন খরচ ও সংস্থাপন ব্যয় বাবদ যথাক্রমে ২০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা প্রদান করলেন, মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বৎসর ৩১শে ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়। স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২০১৩ সালের অবচয় সংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. মেশিন হিসাব ও অবচয় খরচ হিসাব প্রস্তুত করো। ৪

প্রশ্ন-৯ ▶ মি. রবিন একজন খুচরা ব্যবসায়ী। তিনি তার হিসাব বই দু'তরফা দাখিলা পদ্ধতি মোতাবেক সংরক্ষণ করেন না। ১-১-২০১৪ তারিখে তিনি মূলধন ১,৫০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করেন। ৩১-১২-২০১৪ তারিখে তার ব্যবসায়ের অবস্থা নিম্নরূপ:

হিসাবের নাম	টাকা
নগদ তহবিল	২৮,০০০
কলকব্জা	৫০,০০০
প্রাপ্য হিসাব	৩৫,০০০
প্রদেয় নোট	৮,০০০
১২% বিনিয়োগ (১-৪-২০১৪)	৩০,০০০
১০% ঋণ (১-৪-২০১৪)	২০,০০০
আসবাবপত্র	৪২,০০০
ব্যাংক জমা (ক্রেডিট)	২৫,০০০
প্রদেয় হিসাব	১৭,০০০
প্রাপ্য নোট	১৪,০০০
মজুদ পণ্য	৪৩,০০০

মি. রবিন ১-৭-২০১৪ তারিখে ব্যক্তিগত মোটর সাইকেল ৫০,০০০ টাকায় বিক্রয় করে তার $^1/_2$ অংশ কারবারে সরবরাহ করে ব্যবসায়ের জন্য একটি ডেলিভারী ভ্যান ক্রয় করেন।

ক. বিনিয়োগ সুদ নির্ণয় করো। ২
খ. সমাপনী মূলধন নির্ণয় করো। ৪
গ. নিট লাভ ২৩,২০০ টাকা হলে, আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

উত্তরমালা

১. উত্তর : ক. ভ্যাট চলতি হিসাব ২,৫৫০ টাকা (ক্রেডিট)। খ. মোট মুনাফা ১৭,০০০ টাকা। গ. নিট লাভ ১৭,১৮৫ টাকা।
২. উত্তর : ক. ঋণের সুদ ৪,৫০০ টাকা। খ. নিট লাভ ৩৮,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৬৭,৫০০ টাকা।
৩. উত্তর : খ. জাবেদার যোগফল ৪৮,৫০০ টাকা।
৪. উত্তর : ক. অনগদ লেনদেনের পরিমাণ ১৩,৮০০ টাকা। খ. নগদ উদ্বৃত্ত ২,৮০০ টাকা (ক্রেডিট), ব্যাংক জমার উদ্বৃত্ত ৯,০০০ টাকা, প্রদত্ত বাট্টা ৩০০ টাকা এবং প্রাপ্ত বাট্টা ৫০০ টাকা। গ. জাবেদার যোগফল ৩৪,০০০ টাকা।
৫. উত্তর : ক. মুনাফাজাতীয় আয় ৮৫,০০০ টাকা। খ. রেওয়ামিলের যোগফল ২,৪০,০০০ টাকা। গ. পার্থক্য ৪,৫০০ টাকা (দায় বেশি)।
৬. উত্তর : খ. জাবেদার যোগফল ১০,০০০ টাকা। গ. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৭,৬০০ টাকা।
৭. উত্তর : ক. জাবেদার যোগফল ৫,০০০ টাকা। খ. নিট লাভ ৪৬,০০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,২৮,০০০ টাকা। গ. স্বত্বাধিকারের পরিমাণ ১,১৬,০০০ টাকা।
৮. উত্তর : ক. অবচয় ৬০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ১,২০,০০০ টাকা।
৯. উত্তর : ক. বিনিয়োগের সুদ ২,৭০০ টাকা। খ. সমাপনী মূলধন ১,৯৭,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,৬৯,৭০০ টাকা।

যশোর বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ২ ৫ ৩

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

১. নিচের কোনটির কন্ট্রা এন্ট্রি হবে?
ক) পণ্য বিক্রয় করে প্রাপ্ত চেকটি সাথে সাথে ব্যাংকে জমা দেয়া হল
খ) অফিসের প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন করা হল
গ) জীবন বিমার প্রিমিয়াম প্রদানের জন্য ব্যাংক থেকে উত্তোলন করা হলো
ঘ) চেকের মাধ্যমে পাওনাদারকে পরিশোধ করা হলো

উদ্দীপকটি পড়ো এবং ২-৩ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রাকীব-এর উদ্বর্তপত্রে নিম্নরূপ সম্পদ ও দায় পাওয়া যায়:
দালানকোঠা ৫০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা, বিবিধ দেনাদার ৩০,০০০ টাকা, মজুত পণ্য ২০,০০০ টাকা, হাতে নগদ ১০,০০০ টাকা, পাওনাদার ৪০,০০০ টাকা।

২. জনাব রাকীব-এর চলতি সম্পদের পরিমাণ কত?
ক) ৫০,০০০ টাকা খ) ৬০,০০০ টাকা
গ) ৭০,০০০ টাকা ঘ) ৮০,০০০ টাকা

৩. পাওনাদারদের ৫,০০০ টাকা পরিশোধ করা হলে বছরের শেষে মূলধনের উপর কি প্রভাব পড়বে?
ক) ৫,০০০ টাকা বৃদ্ধি পাবে খ) ৫,০০০ টাকা হ্রাস পাবে
গ) ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে ঘ) কোনো প্রভাব পড়বে না

৪. পাওনাদার-এর প্রারম্ভিক ও সমাপনী জের যথাক্রমে ১০,০০০ টাকা ও ১২,০০০ টাকা। ধারে ক্রয়ের পরিমাণ ৬০,০০০ টাকা। পাওনাদারকে নগদ পরিশোধের পরিমাণ কত?
ক) ৪৮,০০০ টাকা খ) ৫০,০০০ টাকা
গ) ৫৮,০০০ টাকা ঘ) ৬২,০০০ টাকা

৫. GAAP এর পূর্ণরূপ কোনটি?
ক) Generally Accepted Accounting Principals
খ) Generally Accepted Accounting Principal
গ) Generally Accepted Accounting Principales
ঘ) Generally Accepted Accounting Principale

৬. জনাব অর্জুন একজন আসবাবপত্র ব্যবসায়ী। তিনি ব্যবসায়ে ব্যবহারের জন্য নগদ ৫,০০০ টাকা দিয়ে একটি আলমারী ক্রয় করেন। এক্ষেত্রে যে হিসাবটি ডেবিট করতে হবে—
ক) আসবাবপত্র খ) ক্রয়
গ) নগদান ঘ) উত্তোলন

৭. একটি ভুল অপর একটি ভুল দ্বারা সংশোধিত হলে কোন ভুলের সৃষ্টি হয়?
ক) লিখার ভুল খ) নীতিগত ভুল
গ) পরিপূরক ভুল ঘ) বেদনাবিদার ভুল

উদ্দীপকটি পড়ো এবং ৮-৯ নং প্রশ্নের উত্তর দাও।
৩১-১২-২০১৪ তারিখে রেওয়ামিলে দেওয়া আছে অগ্রিম বিমা সেলামী ৩০,০০০ টাকা। বিমা পলিসিটি ১-১-২০১৩ তারিখের চার বছরের জন্য নেয়া হয়েছিল।

৮. ২০১৪ সালের বিমা খরচ কত?
ক) ৭,৫০০ টাকা খ) ১০,০০০ টাকা
গ) ১৫,০০০ টাকা ঘ) ৩০,০০০ টাকা

৯. যদি বিমা সেলামি ৩০,০০০ টাকা ২০১৪ সালের খরচ হিসাবে দেখানো হয়, তবে উদ্বর্তপত্রের সম্পত্তিতে কী প্রভাব পড়বে?
ক) হ্রাস পাবে ১০,০০০ টাকা খ) হ্রাস পাবে ২০,০০০ টাকা
গ) হ্রাস পাবে ২২,৫০০ টাকা ঘ) হ্রাস পাবে ৩০,০০০ টাকা

১০. নিচের কোনটি অলীক সম্পত্তি?
ক) ট্রেডমার্ক খ) সুনাম
গ) শেয়ার বাট্টা ঘ) প্যাটেন্ট

১১. ব্যাংকের মাধ্যমে ৩,০০০ টাকার প্রাপ্যবিল আদায় নগদান বইতে কী প্রকার পড়বে?
ক) ডেবিট হবে ৩,০০০ টাকা ব্যাংক কলামে
খ) ক্রেডিট হবে ৩,০০০ টাকা ব্যাংক কলামে
গ) ডেবিট হবে, ৩,০০০ টাকা নগদ কলামে
ঘ) ক্রেডিট হবে ৩,০০০ টাকা নগদ কলামে

উদ্দীপকটি পড়ো এবং ১২-১৩ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব সাফওয়ান-এর ব্যবসায়ের অনাদায়ী পাওনা সঞ্চিতি আরো বৃদ্ধি করতে হবে ২,০০০ টাকা, হিসাবভুক্ত অনাদায়ী পাওনা ৫,০০০ টাকা এবং বছর শুরুতে অনাদায়ী পাওনা সঞ্চিতি ৪,০০০ টাকা।

১২. হিসাব বছরে নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি পরিমাণ কত?
ক) ২,০০০ টাকা খ) ৩,০০০ টাকা
গ) ৬,০০০ টাকা ঘ) ৭,০০০ টাকা

১৩. যদি বছরের শুরুতে অনাদায়ী পাওনা সঞ্চিতি ৬,০০০ টাকা হয় তাহলে উদ্বৃত্তপত্রে কি পরিবর্তন হবে?
ক) সম্পদ বৃদ্ধি পাবে ৬,০০০ টাকা
খ) দায় বৃদ্ধি পাবে ৬,০০০ টাকা
গ) সম্পদ ও দায় হ্রাস পাবে ২,০০০ টাকা
ঘ) সম্পদ ও দায় বৃদ্ধি পাবে ২,০০০ টাকা

১৪. নিচের কোন কোন হিসাব ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে?
ক) সম্পদ, উত্তোলন ও দায় হিসাব
খ) আয়, ও মালিকানা স্বত্ব
গ) আয়, সম্পদ ও উত্তোলন
ঘ) ব্যয়, দায় ও মালিকানা স্বত্ব

১৫. উত্তোলনের মূল ব্যবসায়ের কী?
ক) ব্যয় খ) আয়
গ) দায় ঘ) সম্পদ

১৬. ধারে পণ্য বিক্রয়ের ফলে —
i. আয় বৃদ্ধি পায় ii. স্থায়ী সম্পদ বৃদ্ধি পায়
iii. প্রাপ্য হিসাব বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭. বিক্রয় ফেরতের জন্য কোন দলিল ব্যবহৃত হয়?
ক) ভাউচার খ) চালান
গ) ডেবিট নোট ঘ) ক্রেডিট নোট

১৮. মুনাফাজাতীয় হিসাব বন্ধ করার জন্য যে দাখিলার প্রয়োজন হয় —
ক) সংশোধনী জাবেদা খ) প্রারম্ভিক জাবেদা
গ) সমাপনী জাবেদা ঘ) সমন্বয় জাবেদা

১৯. আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাব কোন মূল্যে দেখানো হয়?
ক) বিক্রয়মূল্যে খ) নিট আদায়যোগ্য মূল্যে
গ) মোট আদায়যোগ্য মূল্যে ঘ) লিখিত মূল্যে

২০. বিলম্বিত বিজ্ঞাপন ব্যয় ব্যবসায়ের একটি—
ক) আয় খ) ব্যয়
গ) সম্পদ ঘ) দায়

২১. মালিকানা স্বত্ব দ্বারা কি বুঝায়?
ক) স্বল্পমেয়াদি দায় খ) অন্তর্দায়
গ) বহির্দায় ঘ) দীর্ঘমেয়াদি দায়

২২. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কারা?
ক) শেয়ারহোল্ডারগণ খ) কর কর্তৃপক্ষ
গ) শ্রমিক সংঘ ঘ) পাওনাদার

২৩. কোনটি লেনদেনের আবশ্যকীয় বৈশিষ্ট্য নয়?
ক) দৃশ্যমানতা
খ) অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্যতা
গ) দ্বৈতসত্ত্বা
ঘ) আর্থিক অবস্থার পরিবর্তন

২৪. সেবা প্রদান বাবদ নগদ আয় হলে হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে?
ক) সম্পদ ও দায় বৃদ্ধি
খ) সম্পদ বৃদ্ধি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি
গ) সম্পদ বৃদ্ধি ও সম্পদ হ্রাস
ঘ) দায় হ্রাস ও মালিকানাস্বত্ব বৃদ্ধি

২৫. চালানে দেখানো হয় কোন বাট্টা?
ক) নগদ বাট্টা খ) কারবারী বাট্টা
গ) প্রাপ্ত বাট্টা ঘ) প্রদত্ত বাট্টা

২৬. জনাব প্রবাল-এর ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে ১,৫০,০০০ টাকার সম্পদ ও ৩০,০০০ টাকা দায় ছিল। উক্ত বছরে তার নিট মুনাফা ২০,০০০ টাকা এবং উত্তোলন ১০,০০০ টাকা ছিল। জনাব প্রবাল এর সমাপনী মূলধন কত?
ক) ১,১০,০০০ টাকা খ) ১,২০,০০০ টাকা
গ) ১,৩০,০০০ টাকা ঘ) ১,৪০,০০০ টাকা

২৭. তিনঘরা নগদান বইয়ের জের টানা হয়—
i. নগদ কলামের
ii. ব্যাংক কলামের
iii. বাট্টা কলামের
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
মুনমী ট্রেডার্সের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে বাছাইয়ের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ:
নগদ তহবিল ১০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৮,০০০ টাকা, প্রদেয় হিসাব ১২,০০০ টাকা, বাড়ি ভাড়া প্রদান ৭,০০০ টাকা, ক্রয় ১৫,০০০ টাকা, মূলধন ২০,০০০ টাকা, বিক্রয় ১২,০০০ টাকা

২৮. মুনমীর রেওয়ামিলে অনিশ্চিত হিসাবের পরিমাণ কত?
ক) ১২,০০০ টাকা খ) ৮,০০০ টাকা
গ) ৪,০০০ টাকা ঘ) ৩,০০০ টাকা

২৯. মুনমীর রেওয়ামিলে যে হিসাবের জের বৃদ্ধি করলে অনিশ্চিত হিসাবের প্রয়োজন পড়বে না —
i. সম্পদ জাতীয় হিসাবের জের ii. আয় জাতীয় হিসাবের জের
iii. ব্যয় জাতীয় হিসাবের জের
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. ৫০,০০০ টাকা মেশিন ক্রয় করে ৫,০০০ টাকা বহন খরচ ও ১৫,০০০ টাকা সংস্থাপন ব্যয় পরিশোধ করা হলে, মেশিন হিসাবে কত টাকা ডেবিট করা হবে?
ক) ৫০,০০০ টাকা খ) ৫৫,০০০ টাকা
গ) ৬৫,০০০ টাকা ঘ) ৭০,০০০ টাকা

৩১. নিচের কোন লেনদেনটি নগদান বই-এর জের ও পাস বই-এর মধ্যে পার্থক্য তৈরি করবে?
ক) জমাকৃত চেক আদায় খ) ইস্যুকৃত চেক পরিশোধ
গ) ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ
ঘ) আমানতকারী কর্তৃক নগদ জমাদান

৩২. রেওয়ামিল তৈরির মূল উদ্দেশ্য কী?
ক) লেনদেনের সার-সংক্ষেপ তৈরি
খ) হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই
গ) সম্পদ ও দায়ের পরিমাণ জানা
ঘ) আর্থিক ফলাফল নির্ণয়

উদ্দীপকটি পড়ো এবং ৩৩-৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
প্রারম্ভিক মজুদ পণ্য ১০,০০০ টাকা, ক্রয় ১,০৫,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা।

৩৩. বিক্রীত পণ্যের ব্যয় কত?
ক) ৯০,০০০ টাকা খ) ৯৫,০০০ টাকা
গ) ১,০০,০০০ টাকা ঘ) ১,১৫,০০০ টাকা

৩৪. সমাপনী মজুদ পণ্যের বাজার মূল্য ১০,০০০ টাকা হলে, মোট লাভের উপর কী প্রভাব পড়বে?
ক) ৫,০০০ টাকা বৃদ্ধি পাবে খ) ৫,০০০ টাকা হ্রাস পাবে
গ) ১০,০০০ টাকা হ্রাস পাবে ঘ) ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে

৩৫. হিসাববিজ্ঞানের কোন নীতির কারণে মজুদ পণ্যের 'ক্রয়মূল্য বা বাজার মূল্য যেটি কম' বিবেচনা করা হয়?
ক) ক্রয়মূল্য নীতি খ) পূর্ণ প্রকাশ নীতি
গ) রক্ষণশীলতার নীতি ঘ) আদায়করণ নীতি

৩৬. পণ্যের লিখিত মূল্যের উপর ব্যবসায়ীগণ ক্রেতাকে যে ছাড় দেন, তাকে বলে —
ক) নগদ বাট্টা খ) পরিমাণ বাট্টা
গ) কারবারী বাট্টা ঘ) বিশেষ বাট্টা

উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও।
রেওয়ামিল দেওয়া আছে সেবা আয় ১,৫০,০০০ টাকা ও অনুপার্জিত সেবা আয় ২০,০০০ টাকা। সমন্বয়ে দেওয়া আছে সেবা আয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

৩৭. আয় বিবরণীতে প্রদর্শনযোগ্য মোট সেবা আয় কত?
ক) ১,৩০,০০০ টাকা খ) ১,৪০,০০০ টাকা
গ) ১,৬০,০০০ টাকা ঘ) ১,৮০,০০০ টাকা

৩৮. অনুপার্জিত সেবা আয়ের $\frac{১}{২}$ অংশ উপার্জিত হলে, উদ্বর্তপত্রে প্রদর্শনযোগ্য অনুপার্জিত সেবা আয় কত হবে?
ক) ১০,০০০ টাকা খ) ১৬,০০০ টাকা
গ) ২০,০০০ টাকা ঘ) ২৪,০০০ টাকা

৩৯. নিচের কোনটি ডেবিট উদ্বৃত্ত প্রদর্শন করে?
ক) সাধারণ সঞ্চিতি খ) দেনাদার বাট্টা সঞ্চিতি
গ) পাওনাদার বাট্টা সঞ্চিতি ঘ) অনাদায়ী পাওনা সঞ্চিতি

৪০. নিচের কোনটি মূলধনজাতীয় ব্যয়?
ক) সুনামের অবলোপন খ) ইজারা সম্পত্তির অবলোপন
গ) আসবাবপত্র ক্রয় ঘ) পণ্য ক্রয়

উত্তরমালা																																							
১	খ	২	খ	৩	ঘ	৪	গ	৫	গ	৬	ক	৭	গ	৮	খ	৯	খ	১০	গ	১১	ক	১২	গ	১৩	গ	১৪	খ	১৫	ক	১৬	খ	১৭	ক	১৮	গ	১৯	খ	২০	গ
২১	খ	২২	ক	২৩	ক	২৪	খ	২৫	খ	২৬	গ	২৭	ক	২৮	গ	২৯	খ	৩০	খ	৩১	গ	৩২	খ	৩৩	ক	৩৪	খ	৩৫	গ	৩৬	গ	৩৭	গ	৩৮	খ	৩৯	গ	৪০	গ